

The Independent Investigative Mechanism for Myanmar (IIMM)

ইনডিপেন্ডেন্ট ইনভেস্টিগেটিভ মেকানিজম ফর মিয়ানমার (আইআইএমএম)

গঠন:

২০১৮ সালের ২৫ সেপ্টেম্বর আইআইএমএম গঠিত হয় এবং ২০১৯ সালের আগস্টে এটি কাজ শুরু করে। এর প্রধান কার্যালয় সুইজারল্যান্ডের জেনেভায় অবস্থিত।

জনবল:

- আইআইএমএমের প্রধান হিসেবে রয়েছেন মার্কিন যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক প্রসিকিউটর নিকোলাস কাউমজিয়ান।
- আইআইএমএম-এর অন্যান্য সদস্য হিসেবে আছেন তদন্তকারী, বিশ্লেষক, অনুবাদক এবং আইনজীবী দল।

কাজের পরিধি (ম্যান্ডেট):

- “তথ্য-প্রমাণ সংগ্রহ করা: “২০১১ সাল থেকে শুরু করে এখন পর্যন্ত মিয়ানমারে সংঘটিত সর্বাধিক গুরুতর অপরাধ এবং আন্তর্জাতিক আইন লঙ্ঘনের তথ্য-প্রমাণ সংগ্রহ, একীকরণ, সংরক্ষণ এবং বিশ্লেষণ করা।”
- অভিযুক্তদের বিচারের প্রস্তুতি নেয়া: “সুষ্ঠু ও স্বাধীন ন্যায়বিচারের সুবিধার্থে আন্তর্জাতিক আইনি মানদণ্ড অনুসারে অপরাধমূলক কার্যক্রমের দালিলিক প্রমাণ সম্বলিত নথিপত্র প্রস্তুত করা।”
- জাতীয়, আঞ্চলিক বা আন্তর্জাতিক আদালত অথবা ট্রাইব্যুনালের বিচারিক ব্যবস্থা প্রতিষ্ঠা করা যাদের এই অপরাধগুলির বিচারের ক্ষেত্রে বর্তমানে এখতিয়ার আছে বা ভবিষ্যতে থাকবে।

আইআইএমএম-এর ফাইলগুলিতে তথ্য প্রস্তুত করা:

- সংঘটিত অপরাধের জন্য সবচেয়ে বেশি দায়ী ব্যক্তি/ব্যক্তিদের সুনির্দিষ্টভাবে চিহ্নিত করা।
- অভিযুক্ত ব্যক্তিদের দ্বারা সংঘটিত নির্দিষ্ট অপরাধসমূহ গুরুত্বসহকারে বিবেচনা করা।
- আন্তর্জাতিক অপরাধসমূহের দায়বদ্ধতার ধরনগুলি (যেমনঃ কমান্ড বা সুপিরিয়র রেসপনসিবিলিটি) প্রয়োগের ক্ষেত্রে আইনি ব্যাখ্যার যথাযথ প্রয়োগ করা।
- অপরাধ ও প্রমাণ/সাক্ষ্যের সংযোগ: সংঘটিত অপরাধ প্রমাণে যথাযথ সাক্ষ্যের প্রয়োজনীয়তা নির্ণয় করা এবং অপরাধ ও অভিযুক্ত ব্যক্তিদের মধ্যে সংযোগ খুঁজে বের করা।

সুবিধাদি:

- আইআইএমএম ভবিষ্যতে অপরাধীদের বিরুদ্ধে মামলা করার পথ আরও সহজ করবে, কারণ এটি অন্যদের ব্যবহারের জন্য প্রমাণসহ ফাইলগুলি প্রস্তুত করবে।
- আইআইএমএম-এর ম্যান্ডেট বা কার্যপরিধি একটি চলমান প্রক্রিয়া এবং অতীতে সীমাবদ্ধ নয়। এটি নিবিড়ভাবে মিয়ানমারের ঘটনা পর্যবেক্ষণ করবে এবং নতুন অপরাধের প্রমাণ সংগ্রহ করতে পারবে। এই অর্থে, ভবিষ্যতে এইধরনের আন্তর্জাতিক অপরাধ সংঘটনে আইআইএমএম-এর অবস্থান একধরনের প্রতিরোধক হিসাবে কাজ করতে পারে।
- ফ্যাক্ট-ফাইন্ডিং মিশনের (এফএফএম) কাজকে আইআইএমএম এগিয়ে নিয়ে যাবে। ইতোমধ্যে, এফএফএম কর্তৃক সংগ্রহিত প্রমাণাদি আইআইএমএম-এর কাছে হস্তান্তর করা হয়েছে।
- আইআইএমএম দ্বারা সংগৃহীত তথ্যাদি আন্তর্জাতিক অপরাধ আদালতে (আইসিসি) এবং সর্বজনীন এখতিয়ারের নীতির অন্তর্ভুক্ত (উদাহরণঃ আর্জেন্টিনা) অন্যান্য আদালতে ব্যবহার করা যেতে পারে। এটি আন্তর্জাতিক বিচার আদালতেও (আইসিজে) ব্যবহার করা যেতে পারে।

- নাগরিক সমাজের সংস্থাগুলি আইআইএমএমকে প্রয়োজনীয় সহযোগিতা করতে এবং তথ্য ও প্রয়োজনীয় কাগজপত্র বা দলিল সরবরাহ করতে পারে।

সীমাবদ্ধতা:

- আইআইএমএম কোনো অপরাধীকে বিচার করতে বা শাস্তি দিতে পারে না। এটি কেবল প্রমাণ সংগ্রহ এবং নথিপত্র/ফাইল প্রস্তুত করতে পারে।
- আইআইএমএম কোনো আদালত বা ট্রাইব্যুনাল নয়। এটি কোনো বিচার প্রক্রিয়া চালাতে পারে না। এটি শুধুমাত্র সংগৃহীত প্রমাণাদি ট্রাইব্যুনালের কাছে হস্তান্তর করবে, যা ভবিষ্যতে অপরাধীদের বিচার করার ক্ষেত্রে ব্যবহার করা যেতে পারে।
- মিয়ানমার সরকার আইআইএমএমকে বর্তমানে মিয়ানমারে প্রবেশের উপর নিষেধাজ্ঞা জারি করেছে।
- আইআইএমএম-এর কার্যক্রম সম্পর্কে জনসাধারণকে পুরোপুরি নাও জানানো যেতে পারে বা জানানো হবে না। প্রতি বছর আইআইএমএমকে অবশ্যই এর কার্যক্রম সম্পর্কে জাতিসংঘের মানবাধিকার কাউন্সিল এবং সাধারণ পরিষদকে অবগত করতে হবে। কিন্তু সম্ভবত, এটি মানবাধিকার লঙ্ঘন সম্পর্কে বিস্তারিত প্রতিবেদন তৈরি করবে না (এইভাবে এর কাজটি এফএফএম থেকে আলাদা)।
- আইআইএমএম মিয়ানমারে কোনো ধরনের আইনি বা নীতিগত সংস্কারের পক্ষে মতামত দিবে না।
- আইআইএমএম-এর কাজ করার ধরণের ব্যাপারে সাধারণ মানুষকে জানাতে এবং জানার ক্ষমতা সীমিত হতে পারে।

নাগরিক সমাজ দ্বারা সম্ভাব্য সম্পৃক্ততাঃ

নাগরিক সমাজ:

- আইআইএমএমকে তথ্য ও প্রয়োজনীয় কাগজপত্র বা দলিল সরবরাহ করতে পারে।
- আইআইএমএমকে ক্ষতিগ্রস্তদের এবং সাক্ষীদের আদালতে সাক্ষ্য দিতে সহায়তা করতে পারে।
- আইআইএমএম-এর কাজটি সাধারণ জনগণের কাছে ব্যাখ্যা করা এবং ক্ষতিগ্রস্তদের প্রত্যাশা তুলে ধরতে সহায়তা করতে পারে।
- আইআইএমএমে স্থানীয় দক্ষতা সম্পন্ন কর্মী অন্তর্ভুক্ত করার জন্য জাতিসংঘ এবং আইআইএমএম-এর প্রধানকে তদবির করতে পারে। জাতিগত পরিচয়, সংস্কৃতি এবং ভাষার মতো বিষয়গুলির পাশাপাশি মানবাধিকারে স্থানীয় প্রচেষ্টার অভিজ্ঞতা ও স্থানীয় নৃগোষ্ঠীর প্রতিনিধিত্ব নিশ্চিত করার জন্য তাদেরকে তদবির করতে পারে।
- আইআইএমএম-এর কাজে সহযোগিতা করে এমন ক্ষতিগ্রস্ত ব্যক্তিসমূহ এবং সাক্ষীরা যাতে উপযুক্ত চিকিৎসা এবং মানসিক সহায়তা পান তা নিশ্চিত করতে আইআইএমএম-এর কাছে তদবির করতে পারে।

আরও তথ্য পাওয়া যাবে: <https://www.ohchr.org/EN/HRBodies/HRC/IIMM/Pages/Index.aspx>
